

শেখ হাসিনার দিন বদলে
সমাজসেবা এগিয়ে চলে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
ধোবাউড়া, ময়মনসিংহ।

স্মারক নম্বরঃ- ৪১.০১.৬১১৬.০০০.১৮.০০২.২২-১৪২

তারিখঃ ২৯ আশ্বিন ১৪৩০
১৪ আগস্ট ২০২৩

বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরে বর্ষিত কোটায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতা ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ ৪১.০১.০০০০.০০০.২৭.০০৪.২২.৬৪০ তারিখ ১০ আশ্বিন ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের শ্রেণিতে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতা ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণ শুরু হয়েছে। ভাতা প্রাপ্তির জন্য সম্মানিত ভাতাপ্রত্যাশী ব্যক্তিগণ mis.bhata.gov.bd/online Application লিংকে আবেদন করতে পারবেন।

এমতাবস্থায় আপনার ইউনিয়নের বয়স্ক ভাতা প্রত্যাশী, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা প্রত্যাশী এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতা প্রত্যাশী ব্যক্তিগণকে mis.bhata.gov.bd/online Application লিংকে আবেদন করানো ব্যাপক প্রচার প্রচারণা ও মাইকিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হল।

‘অনলাইন ব্যবস্থাপনায় আবেদন করতে যে সকল তথ্যাদি প্রয়োজন’

বয়স্ক ভাতা কর্মসূচী

১। জাতীয় পরিচয় পত্র (বয়স: পুরুষ-৬৫, মহিলা-৬২ বা তদুর্ধ্ব);***

২। ভাতাপ্রত্যাশী ব্যক্তির আইডিকার্ডের বিপরীতে মোবাইল সিম নম্বরে নগদ একাউন্ট হিসাব নম্বর (পূর্বে কোন ভাতার জন্য ব্যবহৃত হয়েছে এমন নম্বর দেওয়া যাবে না);***

বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কর্মসূচী

১। জাতীয় পরিচয় পত্র;***

২। ভাতাপ্রত্যাশী ব্যক্তির আইডিকার্ডের বিপরীতে মোবাইল সিম নম্বরে নগদ একাউন্ট হিসাব নম্বর (পূর্বে কোন ভাতার জন্য ব্যবহৃত হয়েছে এমন নম্বর দেওয়া যাবে না);***

৩। বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার অনলাইন আবেদন করার পর তার প্রিন্ট কপির সাথে স্বামীর মৃত্যু সনদ/ বিধবা সনদ/ এবং স্বামী নিগৃহীতা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন পত্র উপজেলা সমাজসেবা কার্যালয়, ধোবাউড়া, ময়মনসিংহে জমা দিতে হবে;***

অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কর্মসূচী

১। জাতীয় পরিচয় পত্র / জন্ম নিবন্ধন;***


২। উপজেলা সমাজসেবা কার্যালয় হতে প্রাপ্ত প্রতিবন্ধী পরিচয় পত্র (সুবর্ণ নাগরিক কার্ড) বাধ্যতামূলক;***

৩। ভাতাপ্রত্যাশী ব্যক্তির আইডিকার্ডের বিপরীতে অথবা পিতা/মাতার আইডিকার্ডের বিপরীতে মোবাইল সিম নম্বরে নগদ একাউন্ট হিসাব নম্বর (পূর্বে কোন ভাতার জন্য ব্যবহৃত হয়েছে এমন নম্বর দেওয়া যাবে না);***

বিদ্রঃ আবেদনকারী যে মোবাইল নগদ হিসাব নম্বর দিয়ে আবেদন করবে, সেই মোবাইলে ভাতার অর্থ প্রেরণ করা হবে, এক্ষেত্রে মোবাইল নম্বর ভুল অথবা অন্য কারো নম্বর ব্যবহার করলে, সংশ্লিষ্ট সমাজসেবা অফিস কোন দায় দায়িত্ব বহন করবে না***

চেয়ারম্যান,

ইউনিয়ন পরিষদ, ধোবাউড়া, ময়মনসিংহ।


(মোহাম্মদ মিজানুল ইসলাম আকন্দ)
উপজেলা সমাজসেবা অফিসার (অঃদাঃ)
ধোবাউড়া, ময়মনসিংহ।

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক, সামাজিক নিরাপত্তা অধিশাখা, সমাজসেবা অধিদফতর;
২. পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, ময়মনসিংহ;
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধোবাউড়া, ময়মনসিংহ
৪. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।
৫. উপজেলা নির্বাহী অফিসার, ধোবাউড়া, ময়মনসিংহ।
৬. সহকারী পরিচালক, কার্যক্রম ও সামাজিক নিরাপত্তা শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।
৭. জনাব..... ধোবাউড়া, ময়মনসিংহ।
৮. অফিস কপি।